



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
<https://www.ngcc.edu.bd>

**আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট সংক্রান্ত
বিজ্ঞপ্তি**

তারিখ: ১৪.১০.২০২৬ খ্রি.

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আগামী ১০ নভেম্বর/২০২৬ হতে নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ-এর আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু হতে যাচ্ছে। এই কলেজের প্রতিটি অনার্স বিভাগ, উচ্চ মাধ্যমিক শ্রেণি ও ডিগ্রি (পাস) শাখা নিয়ে মোট ১৬টি দলের সমন্বয়ে টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। প্রতিটি বিভাগ হতে শিক্ষকবৃন্দের মধ্য হতে একজনকে কোচ ও একজনকে ম্যানেজার এবং শিক্ষার্থীদের মধ্য হতে ১৬ জন খেলোয়াড় মিলে মোট ১৮ জনের দলের তালিকা আগামী ০৪.১১.২০২৬ খ্রি. তারিখের মধ্যে জনাব মোঃ সারোয়ার জাহান, শরীরচর্চা শিক্ষক-এর নিকট জমা দিতে সম্মানিত বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো। উচ্চ মাধ্যমিক শাখার দল গঠনের জন্য জনাব মোঃ মোদাশ্শের হোসেন, সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান ও জনাব মোঃ কেতাব আলী, প্রভাষক, আইসিটি এবং ডিগ্রি (পাস) শাখার দল গঠনের জন্য জনাব মোহাঃ আব্দুল বারেক, সহযোগী অধ্যাপক, বাংলা ও জনাব হাবিবুল্লাহ, প্রভাষক, আরবী-কে দায়িত্ব প্রদান করা হলো। দলগঠন ও টুর্নামেন্ট এর ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে।

১. টুর্নামেন্টের সকল খেলা নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।
২. ১৬টি দলসমূহের কোচ ও ম্যানেজারের উপস্থিতিতে আগামী ০৫.১১.২০২৬ খ্রি. সকাল ১১.৩০ মিনিটে শিক্ষক মিলনায়তনে লটারীর মাধ্যমে খেলার ফিকচার তৈরি করা হবে।
৩. খেলোয়াড়দের বুট ছাড়া খেলতে হবে। নিয়মিত শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করতে হবে। দলের তালিকার সাথে খেলোয়াড়দের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও এক কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।
৪. টুর্নামেন্ট পরিচালনার ক্ষেত্রে উদ্বোধনী, সমাপনী অনুষ্ঠান ও খেলা চলাকালীন ব্যবস্থাপনা ক্রীড়া কমিটি নিশ্চিত করবে। বিভাগের ব্যবস্থাপনায় নিজ দলের জার্সি, দলগঠন ও অনুশীলনের বিষয় নিশ্চিত করতে হবে। দলসমূহের জার্সির মান ও ডিজাইন অভিন্ন রাখার স্বার্থে কমিটির সাথে দলের ম্যানেজারদের সমন্বয় করতে অনুরোধ করা হলো। জার্সিতে কলেজ লোগো, বিভাগের নাম ও খেলোয়াড় নম্বর থাকবে; খেলোয়াড়দের নাম থাকবে না।
৫. খেলার সময়সীমা ৩০+৩০ মিনিট, বিরতি ১৫ মিনিট। খেলার সময়সূচি/ফিকচার ড্র'র পর জানানো হবে।
৬. কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনে এই নিয়মাবলীতে পরিবর্তন আনতে পারবেন।

প্রতিস্থাপক
অধ্যক্ষ ১৪/১০/২৬
নবাবগঞ্জ সরকারি কলেজ
চাঁপাইনবাবগঞ্জ

আহ্বায়ক
ক্রীড়া কমিটি
নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ